

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৮-১৯ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সিরাজুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
সভার তারিখ : ৩০ অক্টোবর, ২০১৮  
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ  
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	সৈয়দ আশিক ইমতিয়াজ ও জিনাত আমান বন্যা সদস্য, ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০১.১৮-২০১৯; তারিখ-২৯/০৭/২০১৮ ইং)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৩.	উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর	উদ্ভাবন সংক্রান্ত কাজে প্রণোদনা প্রদানের জন্য মন্ত্রণালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অনুযায়ী উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফরে পাঠানোর বিষয়ে আলোচনা করা হয়।	বিদেশে শিক্ষা সফরে পাঠানোর জন্য সার্কভুক্ত দেশসহ সিঙ্গাপুর ও মালয়েশিয়াতে কর্মকর্তা পাঠানো যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়	ইনোভেশন টিম
৪.	এক দিনের ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজন	ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ইনোভেশন অফিসারদের নিয়ে একটি এক দিনের ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা করা হয়।	উক্ত ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজনের জন্য ভেন্যু নির্বাচন ও খসড়া বাজেট প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৫.	ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার পরিপূর্ণভাবে বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরে গৃহীত সেবা উদ্ভাবনী ধারণা ‘ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার’ পরিপূর্ণভাবে বাস্তবায়নের ব্যাপারে আলোচনা করা হয়।	ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার দাপ্তরিকভাবে উত্তোড়নের জন্য একটি অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম







সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ সিরাজুল হক)

পরিচালক ও ইনোভেশন অফিসার  
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ সিরাজুল হক	পরিচালক ও ইনোভেশন অফিসার	ইনোভেশন অফিসার	
২.	সুতপা চৌধুরী	উপপরিচালক	সদস্য	
৩.	মুহাম্মদ শহিদুল ইসলাম	উপপরিচালক	সদস্য	
৪.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৫.	জিনাত আমান বন্যা	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য সচিব	
৬.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য	

বিতরণ:

১. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. পরিচালকগণের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য);
৩. উপ-পরিচালক (সকল শাখা);
৪. মোঃ সিরাজুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম;
৫. সুতপা চৌধুরী, উপ-পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম;
৬. মুহাম্মদ শহিদুল ইসলাম, উপ-পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম;
৭. মোহাম্মদ আব্দুল মান্নান, উপ-পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম;
৮. জিনাত আমান বন্যা, সিনিয়র সহকারী পরিচালক ও সদস্য সচিব, ইনোভেশন টিম
৯. সৈয়দ আশিক ইমতিয়াজ, সহকারী পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম।

